রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
www.rpgcl.org.bd
পারমিশন অ্যান্ড মনিটরিং সেকশন

**কোম্পানির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়নের নিমিত্ত গঠিত টিমের ২০২৩-২০২৪ বছরের ৩য় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌ. খালেদা বেগম<br>মহাব্যবস্থাপক (সিএনজি) ও ইনোভেশন অফিসার, আরপিজিসিএল। |
| সভার তারিখ | ১২-০২-২০২৪ |
| সভার সময় | বেলা ০২:৩০ ঘটিকা। |
| স্থান | মহাব্যবস্থাপক (সিএনজি) এর দপ্তর। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

কোম্পানির ইনোভেশন টিমের সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা**পরিশিষ্ট-'ক'** তে দেখা যেতে পারে।

**২। আলোচনা :**

সভার শুরুতে ইনোভেশন অফিসার সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপস্থিত সকলের সাথে ২০২৩-২০২৪ বছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের লক্ষ্যে একটি উদ্ভাবনী ধারণা হিসাবে প্রস্তাবিত ডিজিটাল লাইব্রেরি বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রস্তাবিত ডিজিটাল লাইব্রেরির বিভিন্ন দিক পর্যালোচনা এবং বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট সদস্যের মতামত ব্যক্ত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩। ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম সভায় অবহিত করেন যে, গত ০৭/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক প্রস্তাবিত ডিজিটাল ই-লাইব্রেরি আগামী মার্চ ২০২৪ মাসের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানির পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশনকে গত ২১/১২/২০২৩ তারিখ পত্র মারফত অনুরোধ জানানো হয়। সেই প্রেক্ষিতে পিএন্ডডি বিভাগ পত্র সূত্র নং: ২৮.১৯.০০০০.৮০৪.৯৯.০০১.২০/৩৮৫ তারিখ: ১১-০২-২০২৪ এর মাধ্যমে কোম্পানিতে একটি ডিজিটাল লাইব্রেরী (ই-লাইব্রেরী) সেবা চালুকরণের বিষয়ে কারিগরী, আর্থিক এবং সীমাবদ্ধ সময় বিবেচনা করে আরপিজিসিএল এর ওয়েবসাইটে নতুন সেবা বক্স সন্নিবেশনের মাধ্যমে প্রস্তাব প্রেরণ করে (বিবেচ্য সংযুক্তি: পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পত্র)।

৪। পিএন্ডডি বিভাগ কর্তৃক প্রণিত খসড়া ডিজিটাল লাইব্রেরী (ই-লাইব্রেরী) বাস্তবায়নের রূপরেখা ইনোভেশন কমিটির সদস্য মোঃ নূর-ই-আলম সিদ্দিক, উপব্যবস্থাপক, আইসিটি শাখা সভায় বিস্তারিত তুলে ধরেন।

৫। লোচ্য ডিজিটাল লাইব্রেরীটি (ই-লাইব্রেরী) কোম্পানির ওয়েব সাইটে "আরপিজিসিএল ই-লাইব্রেরি" নামে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভূক্ত করে নতুন একটি সেবা বক্সের মাধ্যমে বাস্তবায়ন সম্ভব মর্মে পিএন্ডডি বিভাগ অভিব্যক্ত করেছে।

| আরপিজিসিএল ই-লাইব্রেরি | | | |
|---|---|---|---|
| • দেশ ও জাতি<br>• বাঙ্গালী জাতি<br>• বাংলাদেশের স্বাধীনতা<br>• সংবিধান<br>• উন্নয়নের রোডম্যাপ | • কোম্পানির কার্যক্রম<br>• সার্বিক পরিস্থিতি<br>• পরিচালন প্রযুক্তি | • প্রকল্প<br>• মূলতত্ব<br>• সম্পাদিত প্রকল্প<br>• চলমান প্রকল্প<br>• ভবিষ্যৎ প্রকল্প | • ই-ডকুমেন্ট<br>• ই-বুক<br>• কারিগরী<br>• জেনারেল<br>• ফিন্যান্সিয়াল<br>• প্রশিক্ষণ ম্যাটেরিয়াল<br>• ডকুমেন্টরি |

৬। প্রস্তাবিত ডিজিটাল লাইব্রেরীর বিষয়ে পিএন্ডডি বিভাগ অভিমত ব্যক্ত করে যে, মার্চ ২০২৪ এর মধ্যে চালু করার যেমন বাধ্যবাধকতা রয়েছে, তেমনি আলোচ্য কাজের জন্য একটি পূর্নাঙ্গ সাধারণ সফটওয়্যার তৈরি, ইত্যাদি বিষয়ে প্রারম্ভিকভাবে প্রায় ৩০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রয়োজন

হতে পারে। এছাড়াও উক্ত সফটওয়্যার পরিচালনা ও মেরামত বাবদ মাসিক হারে প্রায় ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা খরচ হতে পারে। এমতাবস্থায় সীমাবদ্ধ সময়ের মধ্যে সেবাটি চালু এবং অতিরিক্ত আর্থিক ব্যয় সাশ্রয়ের বিষয় বিবেচনা করে কোম্পানির নিজস্ব ওয়েবসাইটে একটি নতুন সেবাবক্স তৈরীর মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে এবং কোনরূপ আর্থিক ব্যয় ব্যতিরেকে একটি ডিজিটাল লাইব্রেরী বাস্তবায়ন/চালুকরণের বিষয়ে কোম্পানির পিএন্ডডি বিভাগ অবহিত করে।

৭। উপব্যবস্থাপক, আইসিটি শাখা প্রস্তাবিত ই-লিইব্রেরির সেবাবক্সটির পরিচিতি সম্পর্কে বলেন এতে সর্বোচ্চ ০৪ (চার) টি হেডসহ কিছু সাবহেড রয়েছে। তবে ভবিষ্যতে ০৪ টি হেডের নামের পরিবর্তন এবং কোন সাবহেড সংযোজন বা বিয়োজনের প্রয়োজন হলে তা পিএন্ডডি বিভাগের মাধ্যমে সন্নিবেশের সুযোগ থাকবে। সন্নিবেশিত ০৪ টি হেড এবং সাবহেডসমূহ দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে সেবাটি চালুর বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষন করেন।

৮। কমিটির অন্যান্য সদস্যগণ মত প্রকাশ করেন যে, কোম্পানির বিভিন্ন বিভাগ/দপ্তর হতে প্রস্তাবিত ই-লাইব্রেরির হেড/সাবহেডগুলোতে প্রয়োজনীয় বিষয়াবলী প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে একটি তথ্যবহুল ডিজিটাল লাইব্রেরি (ই-লাইব্রেরি) সেবা চালু করা সম্ভব হবে। একটি আধুনিক ডিজিটাল লাইব্রেরির বাস্তবায়ন অফিস ব্যবস্থাপনাকে উল্লেখযোগ্যভাবে সহজতর করতে পারে। বিভিন্ন গুরুত্বপূর্ণ ডকুমেন্টস একটি ই-লাইব্রেরিতে সংযোজিত হয়ে থাকে। এতে করে একজন কর্মচারী যে কোন সময় যে কোন স্থান থেকে স্বল্প সময়ের মধ্যে নির্ভূলভাবে কাঙ্খিত তথ্য বের করতে পারবে। ফিজিক্যাল স্টোরেজ স্পেস, কাগজ এবং মুদ্রণ সরবরাহের প্রয়োজনীয়তা হ্রাস করে, ডিজিটাল লাইব্রেরি সময়ের সাথে সাথে একটি প্রতিষ্ঠানের জন্য উল্লেখযোগ্য খরচ সঞ্চয় করতে পারে।

৯। এ পর্যায়ে ইনোভেশন অফিসার বলেন যে, প্রস্তাবিত ডিজিটাল লাইব্রেরী কোম্পানির পিএন্ডডি বিভাগের মাধ্যমে নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা হলে এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জনে ২০২৩-২০২৪ বছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন করা সম্ভব হবে। এতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বছরের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

১০। ইনোভেশন অফিসার প্রস্তাবিত "আরপিজিসিএল ই-লাইব্রেরি" সেবাবক্সটি যেহেতু আরপিজিসিএল এর ওয়েবসাইটে সেবাবক্স হিসাবে সন্নিবেশিত হবে সেক্ষেত্রে সেবাবক্স এর নামকরণ "ই-লাইব্রেরি" করা যেতে পারে মর্মে মত প্রকাশ করেন যাতে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন।

১১। এ পর্যায়ে ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম অবহিত করেন যে, সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা আগামী ১৬/০৩/২০২৪ তারিখের মধ্যে বাস্তবায়িত হলে এই কর্মসম্পাদন সূচকে পূর্ণ নম্বর অর্জন সম্ভব হবে। এ লক্ষ্যে ফেব্রুয়ারি-২০২৪ এর মধ্যে পিএন্ডডি বিভাগের মাধ্যমে প্রস্তাবিত ডিজিটাল লাইব্রেরিটি বাস্তবায়নপূর্বক প্রশাসন বিভাগ কর্তৃক ব্যবহার সংক্রান্ত অফিস আদেশ জারি হলে মার্চ-২০২৪ এর ১ম সপ্তাহের মধ্যে পেট্রোবাংলায় অবহিত করা সম্ভব হবে। ফলশ্রুতিতে এই কর্মসম্পাদন সূচকে পূর্ণ নম্বর অর্জন সম্ভব হবে।

১২। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর আওতায় অন্যান্য কর্মসম্পাদন সূচকসমূহের অগ্রগতি সন্তোষজনক মর্মে কমিটির সবাই একমত পোষণ করেন।

১৩। আলোচনার শেষ পর্যায়ে ইনোভেশন অফিসার এই মর্মে আলোকপাত করেন যে, সামগ্রিকভাবে, একটি ডিজিটাল লাইব্রেরি তথ্যের প্রবাহকে উন্মুক্ত করে যা আগামীর স্মার্ট বাংলাদেশ গড়তে একটি অন্যতম উপাদান। কর্মক্ষেত্রে পরস্পরের কাজে সহযোগিতা বৃদ্ধি করে, নিরাপত্তা নিশ্চিত করে, কর্মপ্রবাহকে বেগবান করে এবং সর্বোপরি খরচ কমিয়ে অফিস ব্যবস্থাপনার উন্নতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

**১৪। সিদ্ধান্ত:**

সার্বিক আলোচনা শেষে কোম্পানির ওয়েবসাইটে সন্নিবেশিত ই-লাইব্রেরীর বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১৪.১ | পিএন্ডডি বিভাগ কর্তৃক প্রস্তাবিত ডিজিটাল লাইব্রেরিকে ফেব্রুয়ারী-২০২৪ মাসের মধ্যে বাস্তবায়নপূর্বক ইনোভেশন টিমকে অবহিত করতে হবে। | • পিএন্ডডি বিভাগ; |
| ১৪.২ | ইনোভেশন টিম প্রশাসন বিভাগকে অবহিত করলে প্রশাসন বিভাগকে ফেব্রুয়ারী-২০২৪ মাসেই ব্যবহার সংক্রান্ত অফিস আদেশ জারি করতে হবে। | • ইনোভেশন টিম<br>• প্রশাসন বিভাগ |
| ১৪.৩ | মার্চ-২০২৪ এর ১ম সপ্তাহের মধ্যে ডিজিটাল লাইব্রেরির বাস্তবায়ন সম্পর্কে পেট্রোবাংলাকে অবহিত করতে হবে। | • ইনোভেশন টিম |

১৫। আর কোন আলোচনার বিষয় না থাকায় কমিটির ইনোভেশন অফিসার সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮-০২-২০২৪
প্রকৌ. খালেদা বেগম
মহাব্যবস্থাপক (সিএনজি) ও ইনোভেশন অফিসার,
আরপিজিসিএল।
+৮৮০২৮৯০০৩৭৩
gmcng@rpgcl.org.bd

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১৯.০০০০.৬০৬.৯৯.০০১.২৩.২৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল;
২। উপমহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল;
৩। ব্যবস্থাপক/স্থাপনা প্রধান (সকল), আরপিজিসিএল;
৪। ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, আরপিজিসিএল এবং
৫। উপব্যবস্থাপক, (আইসিটি), আরপিজিসিএল, (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।

১৮-০২-২০২৪
প্রকৌ. খালেদা বেগম
মহাব্যবস্থাপক (সিএনজি)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পত্র
(২) পরিশিষ্ট-ক (৩য় সভার হাজিরা)